

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০১৮.০১.৮১.০৮১.২০১২-৩০৭

তারিখঃ ০৯/০২/২০১৬খ্রিঃ

বিষয় : কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় স্থায়ী হেলিপ্যাড নির্মাণ কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : চেয়ারম্যান, মিঠামইন, কিশোরগঞ্জ এর স্মারক নং-৬৩, তারিখঃ ২৪/০২/২০১৫খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় স্থায়ী হেলিপ্যাড নির্মাণ কাজের ২,২৪,১৮,৬০৭.৫৬ (দুই কোটি চব্বিশ লক্ষ আঠার হাজার ছয়শত সাত টাকা) সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সূত্রস্থ স্মারকে এ বিভাগে প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। মিঠামইন উপজেলায় স্থায়ী হেলিপ্যাড নির্মাণ কাজটি স্থানীয় সরকার বিভাগের রাজস্ব বাজেট থেকে অর্থায়নকৃত উন্নয়ন কর্মসূচির অনুন্নয়ন মূলধন খাতের (কোড ৪৭৩২) অর্থ দ্বারা বাস্তবায়িত হচ্ছে। গত ২০১৪-১৫ অর্থ বছরে উক্ত হেলিপ্যাড নির্মাণ কাজে সংশোধিত বাজেটে বরাদ্দের পরিমাণ ছিল ২,২৪,২০,০০০/= (দুই কোটি চব্বিশ লক্ষ বিশ হাজার) টাকা। তবে চলতি ২০১৫-১৬ অর্থ বছরে হেলিপ্যাড নির্মাণ প্রকল্পে কোন অর্থ বরাদ্দ পাওয়া যায়নি।

এমতাবস্থায়, অনুন্নয়ন মূলধন খাতের অর্থ দ্বারা বাস্তবায়িতব্য 'কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলায় স্থায়ী হেলিপ্যাড নির্মাণ' কাজের বাস্তব অগ্রগতি সরেজমিন পরিদর্শনপূর্বক ২,২৪,১৮,৬০৭.৫৬ (দুই কোটি চব্বিশ লক্ষ আঠার হাজার ছয়শত সাত টাকা) টাকার সংশোধিত প্রাক্কলন প্রস্তাবের বিষয়ে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে

J. Min
০৯/০২/২০১৬

(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

জেলা প্রশাসক

কিশোরগঞ্জ।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)